

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.১৯.৯১৯

তারিখ: ১৩ কার্তিক ১৪২৬


২৯ অক্টোবর ২০১৯

অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন চাঁদপুর জেলার, নব সরকারিকরণকৃত চেংগারচর সরকারি মডেল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ শূন্য থাকায় বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক জনাব বেনজির আহমেদকে সাময়িকভাবে বর্ণিত শর্তসাপেক্ষে পদায়নের তারিখ ০১.১০.২০১৯ হতে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

- (ক) এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- (খ) ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
- (গ) দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে।
- (ঘ) তিনি প্রচলিত বিধি মোতাবেক দায়িত্ব ভাতা পাবেন।



২৯-১০-২০১৯

সৈয়দ মোঃ গোলাম ফারুক
মহাপরিচালক

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.১৯.৯১৯/১(৭)

তারিখ: ১৩ কার্তিক ১৪২৬

২৯ অক্টোবর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ২) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
- ৩) সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৪) জেলা/ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----।
- ৫) প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত)-----।
- ৬) জনাব -----।
- ৭) সংরক্ষণ নথি।



৯৯-১০-২০১৯

মোঃ আমিনুল ইসলাম টুকু
সহকারী পরিচালক-১